

৩৮ দিনের ছুটিতে গেলেও ক্লাস-পরীক্ষা চলবে অনলাইনে!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২৩:০১, ২০ ফেব্রুয়ারি ২০২৬



ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) পবিত্র রমজান, আসন্ন ঈদ, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবসসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দিন উপলক্ষে ৩৮ দিনের দীর্ঘ ছুটিতে গেছে। গত ১৮ ফেব্রুয়ারি শুরু হওয়া এই ছুটি চলবে ২৭ মার্চ পর্যন্ত। তবে ছুটির মধ্যেও শিক্ষার্থীদের সেশনজট এড়াতে অনলাইনে ক্লাস ও পরীক্ষা নেওয়ার সুযোগ রাখা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হকের সই করা বিজ্ঞপ্তিতে বুধবার (১৮ ফেব্রুয়ারি) এ সময়সূচি নির্ধারণ করা হয়।

বিজ্ঞপ্তি অনুযায়ী, রমজান মাসে বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত খোলা থাকবে। তবে দুপুর ১টা ১৫ মিনিট থেকে ২টা পর্যন্ত যোহরের নামাজের জন্য বিরতি থাকবে।

এছাড়া আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ ফেব্রুয়ারি একদিন এবং ১৬ মার্চ থেকে ২৭ মার্চ পর্যন্ত মোট ১২ দিন শব-ই-কদর, ঈদুল ফিতর ও সাপ্তাহিক ছুটি উপলক্ষে অফিসসমূহ বন্ধ থাকবে।

রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক জানান, সকল বিভাগের চেয়ারম্যানদের সঙ্গে পরামর্শের পর এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে কোনো বিভাগ চাইলে অ্যাকাডেমিক ক্যালেন্ডারে নীল চিহ্নিত দিনগুলোতে পরীক্ষা নিতে পারবে এবং অনলাইনে ক্লাস পরিচালনা করা যাবে। শারীরিক উপস্থিতিতে কোনো ক্লাস অনুষ্ঠিত হবে না।